যুগান্তর

তারিখ 12 MAR 2017
পৃষ্ঠা ... কলাম ...

চট্টগ্রাম সমিতি-ঢাকা

# শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

এবারও চট্টগ্রাম সমিতি-ঢাকা অন্যান্য বছরের মতো চট্টগ্রামের মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীদের শিক্ষাবৃত্তির ঘোষণা দিয়েছে। দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, কৃষি বিশ্ববিদ্যালয়, মেডিকেল, ইঞ্জিনিয়ারিং, ব্যবসায় শিক্ষাসহ সাধারণ বিষয়ে স্নাতক পর্যায়ে প্রথম বর্ষে (শিক্ষা বর্ষ ২০১৬-১৭) অধ্যয়নরত বৃহত্তর চট্টগ্রামের মেধাবী অসচ্ছল শিক্ষার্থীদের এই বৃত্তি দেবে। কোর্সের পূর্ণ মেয়াদের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। আগ্রহী প্রার্থী ; 'নিজ জেলা' চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি এবং যাদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় (ঐচ্ছিক বিষয় ব্যতীত) বিজ্ঞান বিভাগে জিপিএ-৫, বাণিজ্য বিভাগে জিপিএ-৪.৫০ ও মানবিক বিভাগে জিপিএ-৪ রয়েছে তারা আবেদন করতে পারবে। প্রতিবন্ধীদের জন্যও বৃত্তির বিশেষ কোটা রাখা হয়েছে।

আবেদনের ফরম ১০০ টাকা দিয়ে সমিতির অফিস অথবা ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, চকবাজার শাখা, চট্টগ্রাম এবং যমুনা ব্যাংক লিমিটেড, আন্দরকিল্লা শাখা থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া সমিতির ওয়েবসাইট ctgsamitydhaka.org থেকেও Download করা যাবে। আবেদনপত্র সঠিকভাবে পূরণ করে ফরমে উল্লিখিত তথ্যাদি সংশ্লিষ্ট কাগজপত্রসহ ৩০ এপ্রিল ২০১৭-এর মধ্যে সাধারণ সম্পাদক, চট্টগ্রাম সমিতি-ঢাকা, চট্টগ্রাম ভবন, ৩২ তোপখানা রোড, ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে। সংবাদ বিজ্ঞপ্তি।